



ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক 'জাতীয় নীতি প্রতিযোগিতা' আয়োজনের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য নির্ধারিত 'রাজনীতিতে তরুণদের অংশগ্রহণ ও গণতন্ত্রের ভবিষ্যৎ' (Youth Participation in Politics and the Future of Democracy) বিষয়ে বিশ্ববিদ্যালয়ের বিভাগ/ইনস্টিটিউটের শিক্ষার্থীদের চূড়ান্তপর্ব আগামী ২৩-০৯-২০২৫ তারিখ মঙ্গলবার সকাল ১০:০০টায় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া প্রধান অতিথি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি উদ্বোধক হিসেবে উপস্থিত থাকবেন। মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন। এছাড়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মো. মাহবুব-উল-আলম বিশেষ অতিথি এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র-সংসদ (ডাকসু)-এর ভিপি জনাব মো. আবু সাদিক (সাদিক কায়ুম) বিশেষ বক্তা হিসেবে উপস্থিত থাকবেন।

অনুষ্ঠানে হল/হোস্টেল/বিভাগ/ইনস্টিটিউট-এর সকল সম্মানিত শিক্ষক ও শিক্ষার্থীদের উপস্থিতি একান্ত কাম্য।


21/09/2025
(অধ্যাপক ড. মো. রাশেদুল ইসলাম)
সহকারী প্রক্টর

ও

আহ্বায়ক

'রাজনীতিতে তরুণদের অংশগ্রহণ ও গণতন্ত্রের ভবিষ্যৎ'
বিষয়ে প্রতিযোগিতা আয়োজনের নিমিত্তে গঠিত কমিটি

স্মারক নং-রেজি/প্রশা-৩/ ২২৫২৯ - ডি

তারিখ: ৫/৫/১৪৩২ বঙ্গাব্দ
২১/৯/২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :-

১. রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।